দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 18 MAY 2016 ...
পৃষ্ঠা ১৬ ... কলাম ...

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
**বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)**
**১ নং সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫।**
www.banbeis.gov.bd: email:info@banbeis.gov.bd

স্মারক নং-৩৭.২০.০০০০.০০১.০১৮.০০৮.২০১৩/৫১৫৫

তারিখ ঃ ০৩ জ্যৈষ্ঠ, ১৪২৩ / ১৭ মে, ২০১৬

# আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দর প্রস্তাব বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর আওতাধীন ১২৮ টি "Upazilla ICT Training and Resource Centre for Education (UITRCE)" এর জন্য নিম্নবর্ণিত পদের সাকুল্য বেতনে আগামী ২০১৬-১৭ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা-২০০৮" অনুযায়ী জনবল সরবরাহের লক্ষ্যে স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট হতে দর প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদ | পদের সংখ্যা | ১লা জুলাই,২০১৬ খ্রিঃ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা | সাকুল্য বেতন |
|---|---|---|---|---|---|
| ০১। | নিরাপত্তা প্রহরী | ১২৮ টি | ১৮ বছর হতে ৩০ বছর মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এবং এতিমখানার নিবাসীর ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। | ৮ম শ্রেণি পাশ | ২০১৫ সালের জাতীয় বেতন স্কেল অনুযায়ী গ্রেড-২০ বেতন-১৪৪৫০/- |

শর্তাবলীঃ

১. সর্বনিম্ন ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি, অর্থ বিভাগের ০৭-০৮-২০০৮ তারিখের অম/অবি/ব্যঃনিঃ-৫/২০০৭/৫৯৭নং আউট সোর্সিং নীতিমালা, ন্যূনতম সেবামূল্য নির্ধারণ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের ২৬-১১-২০১২ তারিখের ০৭.১৫৩.০১৫.০৭.০০.০০২.২০০৭.১৮ নং পরিপত্র, পিপিআর-২০০৮ এবং আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহ ও সেবা গ্রহনের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা ও নির্দেশনা ইত্যাদি অনুসরণীয় হবে।

২. প্রকৃত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন এবং কর শনাক্তকরণ নম্বর থাকতে হবে এবং সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/প্রকল্পে জনবল সরবরাহের ক্ষেত্রে অভিজ্ঞতা থাকতে হবে।

৩. সরবরাহকৃত জনবলের উৎসব ভাতা, নববর্ষ ভাতা, ও যাতায়াত ভাতা ইত্যাদি সরকার কর্তৃক নির্ধারিত হারে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করতে হবে যা পরবর্তীতে দপ্তর হতে বহন করা হবে।

৪. দর প্রস্তাবের সাথে পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয় এর অনুকূলে দরপত্র জামানত হিসাবে ৬২১০০০ (ছয় লক্ষ একুশ হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত জনবলের জনপ্রতি ০১ (এক) বছরের বেতন ও ভাতাদির ১০% হারে সর্বনিম্ন ২২১৯৫২০/- (বাইশ লক্ষ উনিশ হাজার পাঁচশত বিশ ) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নিরাপত্তা জামানত হিসেবে উল্লিখিত দপ্তরের অনুকূলে জমা দিতে হবে। চুক্তির মেয়াদ শেষে উক্ত জামানতের অর্থ সেবামানের ভিত্তিতে ফেরত প্রদান করা হবে।

৫. প্রস্তাবিত প্রার্থীদের ছবিসহ নির্ধারিত ফরমে বায়োডাটা, শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা ও নাগরিকত্ব সনদ, চারিত্রিক সনদ ও জাতীয় পরিচয়পত্র ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৬. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/উন্নয়ন প্রকল্পে লোকবল সরবরাহ করছে এমন প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেওয়া হবে।

৭. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বিধি মোতাবেক একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে এবং প্রতিষ্ঠানের মাসিক বিল হতে বিধি মোতাবেক সরকার নির্ধারিত ভ্যাট, ট্যাক্স ও অন্যান্য কর/চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

৮. মূল্যায়নের পর যে প্রতিষ্ঠানের প্রস্তাব গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে কেবলমাত্র সে প্রতিষ্ঠানের প্রার্থীদের যোগ্যতা ও অভিজ্ঞতা যাচাইয়ের জন্য পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষায় তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। প্রার্থী নির্বাচনে নিয়োগকারী-কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং সে বিষয়ে কোন আপত্তি করা যাবে না।

৯. আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারী অদক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান দায়ী হবে।

১০. নিয়োজিত কর্মচারীগণ কর্তব্য পালনকালে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করবেন।

১১. জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি কর্তৃপক্ষ ০১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

১২. নিয়োজিত কর্মচারীদের মূল বেতন সাকুল্য বেতনের কম হতে পারবে না এবং প্রতি মাসের বেতন পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে। পরিশোধে ব্যর্থ হলে চুক্তি বাতিল ও উক্ত বেতনের অর্থ নিরাপত্তা জামানত হতে প্রদান করা হবে। কোন কর্মচারীর নিকট কমিশন দাবী করা যাবে না।

১৩. নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে, কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

১৪. আগ্রহী দরদাতাগণ নিজ প্যাডে আবেদনের মাধ্যমে আগামী ০৮-০৬-২০১৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নগদ ১০০০/- টাকা (অফেরত যোগ্য) পরিশোধ করে সিডিউল ক্রয় পূর্বক যথাযথভাবে পূরণ করতঃ আগামী ০৯-০৬-২০১৬ তারিখ দুপুর ২.০০ টার মধ্যে সিলমোহরকৃত খামে দরপ্রস্তাব উল্লেখ করে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর সনদপত্র,ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট, অভিজ্ঞতার সনদপত্রসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে দরপ্রস্তাব দাখিল করতে হবে। একই তারিখ দুপুর ২.৩০ ঘটিকায় প্রাপ্ত দর প্রস্তাবসমূহ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র প্রাপ্তির স্থানঃ কক্ষ নং-২১৬, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ১. সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫।

১৫. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭.০৫.২০১৬
(মোঃ শামছুল আলম)
চীফ, পরিসংখ্যান বিভাগ
এবং
সদস্য-সচিব
বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি
ফোন নং- ৫৫১৫১৮১৫।

এসসি-১০৬৯/১৬ (১০´´X৪)